



এনসিপির সঙ্গে আরও একটি রাজনৈতিক দলকে নিবন্ধন দিল ইসি



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচন কমিশন (ইসি) নতুন করে দুটি রাজনৈতিক দলকে নিবন্ধন তালিকায় যুক্ত করেছে। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র পাশাপাশি এবার নিবন্ধন পেয়েছে বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (মার্ক্সবাদী)।

মঙ্গলবার (১৮ নভেম্বর) আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সংবাদ ব্রিফিংয়ে ইসি সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান।

তিনি জানান, দল দুটি সব শর্ত পূরণ করায় ইসি গেজেট প্রকাশ করেছে। নিবন্ধনের জন্য শুরুতে ১৪৩টি দল আবেদন করেছিল, যার মধ্যে প্রথম ধাপে ১২১টি আবেদন বাতিল হয়। বাকি ২২টি দলের মধ্যে তিনটি দল—এনসিপি, সমাজতান্ত্রিক দল (মার্ক্সবাদী) এবং বাংলাদেশ আম জনগণ পার্টি—সম্পর্কে পত্রিকা বিজ্ঞপ্তি দেওয়া হয়। তবে আম জনগণ পার্টির বিরুদ্ধে কিছু অভিযোগ থাকায় তাদের বিষয়ে সিদ্ধান্ত স্থগিত রয়েছে।

আখতার আহমেদ বলেন, এনসিপি ও সমাজতান্ত্রিক দল (মার্ক্সবাদী)-এর বিরুদ্ধে কোনো বিরূপ মতামত না থাকায় নিবন্ধন অনুমোদন দেওয়া হয়েছে। আম জনগণ পার্টির আপত্তিগুলো যাচাই শেষে পরবর্তী সিদ্ধান্ত জানানো হবে।

তিনি আরও জানান, নিবন্ধন প্রক্রিয়ায় নামঞ্জুর হওয়া দলগুলোর মধ্যে ১৪টি রাজনৈতিক দল রিভিউ আবেদন করেছে। এখন এসব আবেদন পুনঃমূল্যায়ন ও তদন্তের কাজ চলছে।

গণভোট বিষয়ে তিনি বলেন, কমিশন এখনো কোনো নির্দেশনা পায়নি। নির্দেশনা পাওয়া গেলে প্রক্রিয়া ও পরিকল্পনা প্রকাশ করা হবে।

আরেক প্রশ্নের উত্তরে তিনি জানান, পর্যবেক্ষক সংস্থা নির্ধারণ ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা—কর্মসূচি প্রায় শেষ দিকে এগিয়ে এসেছে।